

## ভিসি অপসারণ দাবি, দ্বিতীয় দিনের ধর্মঘটে অচলাবস্থা জাবিতে

জাবি সংবাদদাতা ॥ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) অধিকতর উন্নয়ন প্রকল্পে দুর্নীতির অভিযোগ তুলে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলামের অপসারণ দাবিতে দ্বিতীয় দিনের মতো সর্বাত্মক ধর্মঘট কর্মসূচী পালন করছে আন্দোলনরত শিক্ষক-শিক্ষার্থীরা। ধর্মঘটের ফলে বিশ্ববিদ্যালয়ের সকল প্রশাসনিক কার্যক্রমসহ ক্লাস পরীক্ষা বন্ধ ছিল। মঙ্গলবার সকাল ৮টা থেকে নতুন ও পুরনো উভয় প্রশাসনিক ভবন এবং বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন একাডেমিক ভবনের প্রধান ফটক আটকে রেখে অবস্থান নেয় ‘দুর্নীতির বিরুদ্ধে জাহাঙ্গীরনগর’ ব্যানারে আন্দোলনকারী শিক্ষক-শিক্ষার্থীরা। এ সময় অবরোধের কারণে উপাচার্যসহ কর্মকর্তা-কর্মচারীরা কেউই অফিসে প্রবেশ করতে পারেননি। অধিকাংশ বিভাগেই অনুষ্ঠিত হয়নি পূর্বনির্ধারিত ক্লাস পরীক্ষা। ফলে কার্যত স্থবির হয়ে পড়েছে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক এবং প্রশাসনিক কার্যক্রম। তবে সর্বাত্মক ধর্মঘট উপেক্ষা করে ক্লাস পরীক্ষা নিয়েছেন একাধিক উপাচার্যপন্থী শিক্ষক।

এদিকে বিশ্ববিদ্যালয়ের চলমান অচলাবস্থা নিরসনের লক্ষ্যে আন্দোলনকারীদের সঙ্গে আলোচনায় বসেছেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির নেতারা। বেলা সাড়ে এগারোটায় ছাত্র-শিক্ষক কেন্দ্রের শিক্ষক সমিতির এ আলোচনা সভা শুরু হয়। আলোচনা সভায় শিক্ষক সমিতির নেতারা ও আন্দোলনকারীদের একটি প্রতিনিধি দল অংশগ্রহণ করেন। এদিকে ধর্মঘট প্রত্যাহারের আহ্বান জানিয়ে আন্দোলনকারীদের সঙ্গে আলোচনায় বসেছে শিক্ষক সমিতি। আলোচনায় শিক্ষক সমিতির পক্ষ থেকে বিশ্ববিদ্যালয়ের আচার্য (মহামান্য রাষ্ট্রপতি) বরাবর তদন্ত কমিটি গঠনের সুপারিশ করার জন্য বলে আন্দোলনকারীরা।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান। সম্পাদক কর্তৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লিঃ ও জনকণ্ঠ লিঃ ঢাকা থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজিঃ নং ডিএ ৭৯৬।

**কার্যালয়:** জনকণ্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন,  
জিপিও বাক্স: ৩৩৮০, ঢাকা।

**ফোন:** ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহাণ্ডিং ২০ টি লাইন),  
**ফ্যাক্স:** ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
**ই-মেইল:** janakanthanews@gmail.com  
**ই-জনকণ্ঠ:** [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

**আঞ্চলিক কার্যালয় (চট্টগ্রাম):** মান্নান ভবন (দোতলা),  
১৫৬ নূর আহমদ সড়ক (জুবিলী রোড), চট্টগ্রাম,

Copyright © All rights reserved by dailyjanakantha.com